

Escra – Kabita – Short – Adbhuta Ashukh Ek – Achin Chakroborty

ইস্ক্রা-অদ্ভুত অসুখ এক - অচিন্ চক্রবর্তী

কিছু কিছু কেপ্টোর জীব আছে, যাদের বাছারা
আমাদের প্রিয়। হামেশা তাদের নাম নিয়ে
আমরা সম্মানিত হতে ভালবাসি প্রাকৃত নিরীহ
গোবেচারি টাইপের কাছে। এবং তারাও
বরং কৃতার্থ হয় পদাস্ত মিলের অনুরাগে,
অদৃশ্য পুচ্ছের ডগা তালে তাল মিলিয়ে দোলায়
মাজাভাঙা বিনীত সঙ্গতে

আমাদের নিরামিষ মুখ
আত্মরতিরঙ্গে মেতে খুঁজে ফেরে অন্যতর সুখ।

Escra – Kabita – Short – Duratwa – Soumit Basu

ইস্ক্রা-দূরত্ব-সৌমিত বসু

তোমার মুঠোর পাশে জড়োসড়ো বসে থাকি খুব। ধূলো ওড়ে
উড়ে যায় অহেতুক সুখদুঃখগুলি। আঙুলের ফাঁক বেয়ে বেয়ে চলে সবুজ বাতাস।
বালির রাস্তা বেয়ে চাঁদ ওঠে, তার কুয়াশামাখানো আলো ঝরে পড়ে পাতার ফোঁকরে
তোমার চুলের চেয়ে দীর্ঘতর অঙ্ককার ছেয়ে ফেলে আমাদের বিছানাপাত্তর
মর্চেরা চাবি মুঠোর ভেতর থেকে ফুঁসে ওঠে, কারা যেন ভোরবেলা
নখ দিয়ে ঘসে ঘষে তুলে ফেলে পুরোনো বারদ।
তোমার মুঠোর পাশে গুঁড়িমেরে শুয়ে থাকা নিস্তব্ধতা রাত্রি হ'লে শাসায় আমাকে
চাঁদের মস্তিষ্ক থেকে ঝরে পড়া লালা, আমাদের কিছু অনুযোগ
অতিকায় শীত থেকে শুবে নেওয়া মেয়েলির স্বভাব, মুঠোর ভেতর ধার
জমা কাশফুল যেন বিন্দু বিন্দু হয়ে ভেঙে যাওয়া অপরাধরোধ; তুমি জানো
কুয়াশামাখানো আলো রাস্তার চেনা বাতিঘর কিভাবে তোমার থেকে সরিয়ে রেখেছে।